

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৫৭৬

আগরতলা, ১২ মার্চ, ২০২৬

**ধর্মনগরে বিধানসভার উপনির্বাচন : প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত**

আসন্ন ৫৬- ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে ভারতের নির্বাচন কমিশনের একটি প্রতিনিধি দল ১১ মার্চ রাজ্যে এসে পৌঁছেছে। প্রধান সচিব এন টি ভূটিয়া-এর নেতৃত্বে প্রতিনিধি দলটি আজ সকালে ধর্মনগরে পৌঁছে জেলাশাসকের কনফারেন্স হলে আয়োজিত এক বৈঠকে জেলাশাসক চাঁদনী চন্দ্রন, পুলিশ সুপার অভিনাশ রায়, অতিরিক্ত জেলাশাসক বিজয় সিনহা, মহকুমা শাসক তথা রিটার্নিং অফিসার দেবযানি চৌধুরী, এসডিপিও এবং জেলা ও মহকুমার অন্যান্য আধিকারিকদের নিয়ে আসন্ন উপনির্বাচনে ভোটগ্রহণের প্রস্তুতি বিস্তারিতভাবে পর্যালোচনা করেন। এই বৈঠকে অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক উষাজেন মগ, ডেপুটি সিইও সুমন বণিক সহ অন্যান্য নির্বাচন আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

নির্বাচন কমিশনের এই প্রতিনিধি দলটি দুটি পোলিং স্টেশন পরিদর্শন করেন এবং সংশ্লিষ্ট বিএলওদের সাথেও মতবিনিময় করেন। প্রতিনিধি দলটি সমস্ত বিষয় পর্যালোচনা করে সন্তোষ প্রকাশ করেন। রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিকের কার্যালয় থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*